

অনুভবে প্রতিদিন

মোঃ সৈয়দ রেজা

বাহিরে তাকালেই নির্জন গলির পথ;
 নিভু নিভু প্রদীপ রাতের অন্ধকারে
 তন্দ্রাহীন নিঃশব্দ চোখ-প্রগাঢ় শূন্যতা
 বুকে প্রচণ্ড ব্যথা অনুভব হয়, কমে-বাড়ে
 প্রতিদিন মরতে মরতে বেঁচে যাই
 তবুও অন্তর্হীন পথ চলা মরুর বুক
 রোজকার সঙ্গায় আঁড়ার টেবিলে হাসাহাসি
 কানাকানি হৈ-হল্লাড় আরও কত কী...
 কাউকে বুঝতে দিইনা আজকাল বুক প্রচণ্ড ব্যথা
 স্বাভাবিক ভাবেই চলাফেরা-সংলাপ
 কুশল বিনিময় ঠিক আগের মতো...
 অসম্পূর্ণ দু'চোখের স্বপ্ন-স্বাদ-নতুন জীবন
 আজ মায়ের মুখ খুব বেশী মনে পড়ে
 দিবসনিশি পরিজনহীন একাকী নির্বাসনে
 হাফিয়ে উঠি দীর্ঘ প্রতীক্ষায়;
 মাতৃভূমে মায়ের কোলে মাথা রেখে
 ঘুমাতে খুব বেশী ইচ্ছে করে...
 খু-উ-ব বেশী।